# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স- ৫৫০১৩৭২৬-২৮
ওয়েব সাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

নম্বর-৫৫.১২.০০০০.১০৭.১১.০০১.১৮-৭৫৭৪

তারিখ: ০৬ চৈত্র ১৪২৫ / ২০ মার্চ ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় মানবাধিকার কমিশনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ব্যক্তিগত সহকারী (১১,০০০-২৬,৫৯০) | ০৩ (তিন) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রি; (খ) কম্পিউটার চালনায় ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ ও শর্টহ্যান্ডে ৬০ এবং ইংরেজি টাইপে ৩০ ও শর্টহ্যান্ডে ৮০ শব্দের গতি থাকিতে হইবে; এবং (গ) প্রশাসনিক কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। | বরিশাল, মুন্সিগঞ্জ ও ঝিনাইদহ জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র-কন্যা এবং এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | হিসাব রক্ষক (১১,০০০-২৬,৫৯০) | ০১ (এক) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং(খ) কম্পিউটার চালনায় ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩. | বেঞ্চ এসিস্ট্যান্ট (৯,৭০০-২৩৪৯০) | ০৩ (তিন) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রি; (খ) কম্পিউটার চালনায় ২ বৎসরের অভিজ্ঞতাসহ প্রতি মিনিটে বাংলা টাইপে ২৫ ও শর্টহ্যান্ডে ৬০ এবং ইংরেজি টাইপে ৩০ ও শর্টহ্যান্ডে ৮০ শব্দের গতি থাকিতে হইবে; এবং (গ) প্রশাসনিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯,৩০০-২২৪৯০) | ০৮ (আট) | The Stenographers and Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978, অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | ভোলা ও জামালপুর জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র-কন্যা এবং এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

০১। আবেদনকারীকে নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। জাতীয় মানবাধিকার কমিশনের ওয়েব সাইট (**www.nhrc.org.bd**) হতে ডাউনলোড করে উক্ত নির্ধারিত ফরম পাওয়া যাবে।

০২। ৩১ মার্চ ২০১৯ তারিখে সাধারণ প্রার্থী, উপজাতি এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

০৩। সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

০৪। আগামী ১৫ এপ্রিল ২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে ডাকযোগে সচিব, জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় আবেদন পৌঁছাতে হবে। সরাসরি অথবা নির্ধারিত তারিখ উত্তীর্ণ হবার পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৫। সচিব, জাতীয় মানবাধিকার কমিশন এর অনুকূলে ১-২৩০১-০০০১-২০৩১ কোড নম্বরে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকার (অফেরৎযোগ্য) ট্রেজারি চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৭/-(সাত) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট পৃথক একটি খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

০৮। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form এর কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

০৯। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১১। আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

20/03/19

(কাজী আরফান আশিক)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য সচিব
তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ/বাছাই ও পদোন্নতি কমিটি